আজকের কাগজ

বিশ্ব 10 JAN 1994
পৃষ্ঠা ২ কলাম ৭

168

## ঢা.বি. শিক্ষকদের প্রতীক অনশন

# 'বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্বের চেষ্টা চালানো হলে দাঁতভাঙ্গা জবাব'

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক শাহাদাত আলী বলেছেন, বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করার চেষ্টা চালানো থেকে সংশ্লিষ্ট মহল বিরত না হলে শিক্ষক সমাজ এর দাঁত ভাঙ্গা জবাব দেবে।

গতকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির আহ্বানে সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত প্রতীক কর্মবিরতি পালনকালে কেন্দ্রীয় শহীদ মিনারে আয়োজিত এক সমাবেশে তিনি এ কথা বলেন। এর আগে শিক্ষকরা অপরাজেয় বাংলার পাদদেশে সমবেত হয়ে এক মৌন মিছিল বের করেন। মিছিলটি টিএসসি দোয়েল চত্বর হয়ে শহীদ মিনারে শেষ হয়। মিছিলে শিক্ষকরা 'বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন গণতন্ত্রের রক্ষা কবচ' 'বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করা চলবে না।'

'বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনকে অক্ষুণ্ণ রাখুন' লেখা সংবলিত প্ল্যাকার্ড বহন করেন। মিছিলে অন্যান্যের মধ্যে অধ্যাপক এ.কে. সাদ উদ্দিন, অধ্যাপক আনোয়ার উল্ল্যা চৌধুরী, অধ্যাপক রঙ্গলাল সেন, অধ্যাপক সাঈদ-উর রহমানসহ শিক্ষক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সমাবেশে অধ্যাপক শাহাদাত আলী আরো বলেন, বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ '৭৩ কারো দান নয়। ১৯২১ সালে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হওয়ার সময় যে রূপরেখা প্রণয়ন করা হয়েছিল তার ভিত্তিতে বহু লড়াই সংগ্রামের মধ্য দিয়ে গণতান্ত্রিকভাবে অধ্যাদেশ অর্জন করা হয়েছে। তিনি আরো বলেন, অপশক্তিগুলো বিভিন্ন সময়ে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন খর্ব করার প্রচেষ্টা চালিয়েছে। ১৯৬১ সালে আইয়ুব খানও এই চেষ্টা চালিয়েছে। কিন্তু সকল অপচেষ্টা নস্যাৎ করে দেওয়া হয়েছে মুক্তিযুদ্ধের পর এই অধ্যাদেশের মাধ্যমে। অধ্যাপক আলী বলেন, আজ থেকে যে সংগ্রামের সূচনা হল স্বায়ত্তশাসন খর্ব করার অপচেষ্টা থেকে বিরত না হওয়া পর্যন্ত তা অব্যাহত থাকবে।